দর্শনায় ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ১১০ বোতল ফেনসিডিলসহ এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে।পুলিশ জানায় রবিবার ১৯ মার্চ ভোর সাড়ে ৪টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীরের নেতৃত্বে অভিযান চালায় ছয়ঘরিয়া গ্রামে।

এ সময় দর্শনা থানার এস আই রাম প্রসাদ সরকার, এ এস আই বশির আহমেদ,এ এস আই মামুনুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান চালায় ছয়ঘরিয়া মাঠপাড়া পাকা রাস্তার উপর। এ সময় পুলিশ আক্তারুল ইসলাম টোটন((৪০) কে গ্রেফতার করে। তার স্বীকারোক্তিতে তার বাড়ি তল্লাশি করে ১১০ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

সে দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া মাঠপাড়ার শমসের আলীর ছেলে।

আজ তাকে এস আই রাম প্রসাদ সরকার বাদি হয়ে মাদক আইনে মামলা দায়ের করে কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় কুকুর বাঁচাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে প্রাইভেটকার চালক নিহত

চুয়াডাঙ্গার দর্শনার মহাসড়কে কুকুরকে বাঁচাতে গিয়ে প্রাইভেট কার নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে মুন্না শেখ (৩০) নামে এক চালক নিহত হয়েছেন। আজ রোববার (১৯ মার্চ) দুপুর সাড়ে ১টার দিকে চুয়াডাঙ্গা-দর্শনা মহা সড়কের আনোয়ারপুর হঠাৎপাড়ার মসজিদের সামনে এদূর্ঘটনা ঘটে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এএইচএম লুৎফুল কবীর এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহত মুন্না শেখ চুয়াডাঙ্গা সদর উপজেলার ডিঙ্গেদহ লাল্টু শেখের ছেলে। ব্যবসার সুবিধার্থে তিনি দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার মোবারকপাড়ায় শ্বশুর বাড়িতে থাকতেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, রোববার দুপুরে মুন্না শেখ নিজ প্রাইভেট কার চালিয়ে ব্যক্তিগত কাজে চুয়াডাঙ্গার উদ্দেশ্যে যাচ্ছিলেন। পথিমধ্যে আনোয়ারপুর হঠাৎপাড়ার মসজিদের সামনে পৌছালে হঠাৎ সামনে একটি কুকুর চলে আসে। এতে জোরে ব্রেক করলে প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে একটি গাছের সাথে ধাক্কা লাগে। প্রাইভেট কারের সামনে দুমড়ে মুচড়ে চালক গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা গুরুতর অবস্থায় মুন্না শেখকে উদ্ধার করে প্রথমে মা ও শিশু জেনারেল হাসপাতালে পাঠায়। সেখানে তার শারীরিক অবস্থায় অবনতি হলে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়া হয়। পরে দুপুর দেড়টার দিকে সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. জোবাইদা জামান জয়া বলেন, মুন্না শেখের বুকে আঘাতপ্রাপ্ত হয়েছিল। প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তি করে পর্যবেক্ষন করা হচ্ছিল। দুপুর দেড়টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এএইচএম লুৎফুল কবীর বলেন, কুকুর বাঁচাতে গিয়ে প্রাইভেটকারটি নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লাগে। এতে ঘটনাস্থলেই কুকুরটি মৃত্যু হয়। আহত অবস্থায় স্থানীয়রা মুন্না শেখকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করলে সেখানে তার মৃত্যু হয়। এ ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

দর্শনায় বঙ্গবন্ধুর জন্মদিন ও

জাতীয় শিশু দিবস পালন

দর্শনায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে দর্শনা রেলবাজার অবস্থিত আ.লীগের দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন সহ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়েছে।

এরপর দলীয় কার্যালয়ে জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে কেক কাটেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য ও জেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি হাজী মোঃ আলী আজগার টগর।

তিনি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লক্ষ কোটি বাঙালির হৃদয়ে বেঁচে থাকবেন, তার অবদান কোনদিন ভুলতে পারবে না। যার কারনে আমরা আজ স্বাধীন বাংলাদেশে বাস করছি এবং আনন্দের বিষয় হচ্ছে জাতির জনক বঙ্গবন্ধু কন্যা বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে বঙ্গবন্ধুর আদর্শে গড়ে তুলতে কাজ করে যাচ্ছেন। আমাদের বাংলাদেশ দ্রুত একটি উন্নয়ন শীল দেশে পরিনত হবে। আলোচনা শেষে জাতীরজনক বঙ্গবন্ধুর আত্মার মাগফেরত কামনা করে দোয়া করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দর্শনা পৌর সভার নবনির্বাচিত মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামীলীগের সহসভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা পৌর ১নং ওয়ার্ড আ.লীগের সভাপতি জয়নাল আবেদিন নফর, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সহ-সভাপতি মামুন শাহ, যুবলীগ নেতা ইকবাল হোসেন, ফারুক আহমেদ, সাইফুল ইসলাম হুকুম, আব্দুস সালাম ভুট্টু, হীরণ, হবা জোয়ার্দার, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফ মল্লিক, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, সহ-সভাপতি আশরাফুল ইসলাম, সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু, ছাত্রলীগ নেতা- রিপন, লোমান, মিল্লাত, আলামিন, প্রভাত, রায়হান, অপু সহ আ.লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতৃবৃন্দ।

দর্শনা পৌর আ.লীগের উদ্দ্যগে ঐতিহাসিক ৭ মার্চ পালিত

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত ৭ মার্চের ভাষণ উপলক্ষে সর্বস্তরের জনগণকে সাথে নিয়ে কর্মসূচি পালন করেছে দর্শনা পৌর আওয়ামীলীগ ও সহযাগী সংগঠন।

গত মঙ্গলবার ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে সকালে দর্শনা পৌর আ,লীগের দলীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর এমপি ও দলীয় পতাকা উত্তোলন করেন দামুড়হুদা উপজলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ,লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু। পতাকা উত্তোলন শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর ঐতিহাসিক ৭ই মার্চে স্বাধীনতার দিক নির্দশনা বক্তব্যে বলেন, বঙ্গবন্ধুর দেওয়া ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটি বাঙালি জাতির জীবন অতিগুরুত্ব ও তাৎপর্য বহন করে এবং বাঙালি জাতির অনুপ্রেরণার অনিবার্ণ শিখা হয় অফুরান্ত শক্তি ও সাহস যুগিয়ে আসছে। একইসাথে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ জাতিসংঘের ইউনিসেফ কর্তক ‘‘বিশ্ব ঐতিহ্যের দলিল” হিসাবে স্বীকৃতি প্রাপ্ত হয়েছে।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আ,লীগের সহ-সভাপতি শফিকুল আলম, দর্শনা নাগরিক কমিটির সসদ্য সচিব ও দর্শনা পৌর আ,লীগর যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ, দর্শনা ডিএস ফাজিল মাদরাসার শিক্ষক আরিফুজ্জামান আরিফ, কুড়লগাছি ইউনিয়ন আ,লীগের সাবেক সাধারণ সম্পাদক ওসমান গনি, কাজল আহম্মেদ, দর্শনা পৌর ওয়ার্ড কমিটির সাধারন সম্পাদক জয়নাল আবেদীন নফর, সাধারন সম্পাদক নেফাউর রহমান মন্টু, আ,লীগ নেতা বিল্লাল হোসেন, সোলাইমান কবির, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্ট, হীরণ, দামুড়হুদা উপজেলা ছাত্র লীগের সভাপতি আরিফুল মল্লিক।

দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, কলেজ ছাত্র

লীগের সভাপতি নাহিদ পারভেজ, সাধারন সম্পাদক ছাত্রলীগ নেতা লোমান, অপু সরকার। এছাড়াও দর্শনা পৌর মুক্তিযাদ্ধা সংসদ, পৌর আওয়ামী লীগ, উপজেলা ও পৌর যুবলীগ, ছাত্রলীগ, দর্শনা কলেজ ছাত্র লীগসহ বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনায় মায়ের উপর অভিমান করে যুবকের মৃত্যু

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার ছোট শলুয়া গ্রামে মায়ের উপর অভিমান করে ঘাসমারা বিষখেয়ে মফিজুল ইসলাম (২৮) মর্মান্তিক মৃত্যু হয়েছে। সে তিতুদহ ইউনিয়নের ছোটশলুয়া ফার্ম পাড়ার রহিম মিয়ার ছেলে।

ঘটনার বিবরনে জানাগেছে গত ২৫ ফেব্রুয়ারী মায়ের উপর অভিমান করে সবার অজান্তে জমিতে দেওয়া ঘাষমারা বিষপান করে।পরে বাড়ির লোকজন জানতে পেরে সাথে সাথে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়।কর্তবরত ডাক্টার চিকিৎসা দেওয়ার পর কিছুটা সুস্থ হয়ে ওঠে। ঘটনার ১১ দিনপর মঙ্গলবার ৭ মার্চ রাত ১ টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্য হয়। তার মৃত্যর খবর গ্রামে পৌছালে নেমে আসে শোকের ছায়া।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন কারো অভিযোগ না থাকায় পরিবারের জিম্মায় দিয়ে দেওয়া হয়েছে।তবে এঘটনায় দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

দর্শনার ঈশ্বরচন্দ্রপুর

গ্রামের ফেন্সিডিলসহ টুটুল গ্রেফতার

দর্শনায় ঘরের মধ্যে অভিযান চালিয়ে খাটের নিচ থেকে ৪০ বোতল ফেন্সিডিলসহ মাদক সম্রাট টুটুলকে গ্রেফতার করছে ডিবি পুলিশ।

জানাযায় গতকাল মঙ্গলবার বিকাল ৫ টার দিকে চুয়াডাঙ্গা জেলা ডিবি শাখার ইনচার্জ, শেখ সফিকুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় ঈশ্বরচন্দ্রপুর গ্রামে। এ সময় ডিবি পুলিশের এস আই সাজ্জাদ হোসেন, এ এস আই বিজন কুমার ভট্টাচার্য, এ এস আই রমেন কুমার সরকার, এ এস আই আবেদুর রহমান, সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায়, দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে মাদক সম্রাট টুটুলের বাড়ি।

এ সময় ডিবি পুলিশ বড় মসজিদ পাড়ার হোসেন আলীর ছেলে শাহিনুজ্জামান টুটুল(৫০)কে ৪০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ গ্রেফতার করে। পরে তার স্বীকারোক্তিতে তার বাড়িতে অভিয়ান চালিযে বসতবাড়ির শয়নকক্ষের খাটের নীচ হতে ৪০ বোতল অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিল উদ্ধার করে। পরে গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। গতকালই তাকে মাদক আইনে মামলাসহ তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে

দর্শনায় ডাকাতির প্রস্তুতিকালে মিনি ট্র্যাক ও দেশীয় অস্ত্রসহ আটক ২

দর্শনা-হিজলগাড়ি সড়কে পুলিশ অভিযান চালিয়ে দেশীয় অস্ত্র ও একটি মিনিট্রাক সহ ২ জন ডাকাতকে আটক করেছে দর্শনা থানা পুলিশ।

গত রোববার দিবাগত রাত পৌনে দুইটার দিকে সড়কের দোস্ত স্কুলপাড়া

বাইতুল সালাম মসজিদ ও মাদ্রাসার সামনে থেকে মালামাল উদ্ধার সহ তাদেরকে গ্রেফতার করে।

তারা হলেন কুষ্টিয়ার ইবি থানাধীন চরবাখৈল এলাকার মৃত সুন্নত আলীর ছেলে তরিকুল ইসলাম (১৯) ও একই থানাধীন কন্দপদিয়া এলাকার সাত্তার আলীব ছেলে ইমরান আলী (১৯)।

দর্শনা থানার অফিসার্স ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নের্তৃত্বে এস আই শেখ রকিবুল ইসলাম, সঙ্গীয় ফোর্সসহ এএসআই কাজী বায়েজীদ সঙ্গীয় ফোর্সসহ নিয়মিত টহল ডিউটিসহ মাদক বিরোধী এবং চোরাচালান অভিযান পরিচালনাকালে দর্শনা থানাধীন দোস্ত এলাকায় ৭/৮ জন ব্যক্তি রাস্তার উত্তর পার্শ্বে পিকআপ ট্রাক রেখে রাস্তার উভয় পার্শ্বে রশি দিয়া প্রতিবন্ধকতা সৃষ্টি করে।এ সময় তারা ডাকাতির প্রস্তুতিকালে দর্শনা থানাধীন দোস্ত স্কুলপাড়ার বাইতুল সালাম মসজিদ ও মাদ্রাসার সামনে অবস্থান করে।পুলিশ দর্শনা হতে হিজলগাড়ীগামী পাকা রাস্তার উপর হতে দেশীয় অস্ত্রসহ তাদেরকে গ্রেফতার করে।তাদের কাছ থেকে ১ টি লোহার তৈরি গাছি দা,২ টি হাসুয়া ১ টি লোহার তৈরি কাস্তে,১ টি সুতার পাকানো দড়ি ও ১ সেট চাবিসহ তাদেরকে আটক করে।বাকী আসামীরা পালিয়ে যায়।দর্শনা থানা পুলিশ মিনি ট্র্যাকসহ যার রেজিঃ নং ঢাকা-ন ১৩-৮৬০৪ সহ তরিকুল ইসলাম ওইমরান আলীকে গ্রেফতার করে।এ ঘটনায় দর্শনা থানায় পলাতক আসামীসহ অজ্ঞাতনামা আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় বাসের সীটের নীচ থেকে ৯ হাজার ৪ পিচ ইয়াবা উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনায় ৬ বিজিবি মাদক বিরোধী অভিযান চালিয়ে বাসের সিটের নীচ থেকে ৯ হাজার ৪শ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে। তবে আটক করতে পারেনী কোন চোরাচালানীকে।

জানাযায় গতকাল শনিবার দুপুর সাড়ে ১২ টার দিকে দর্শনা ফিলিং ষ্টেশনের সামনে দর্শনা – জীবননগর মহাসড়কে উপর অভিযান চালায়।

এ সময় দর্শনা ৬ বিজিবির দর্শনা আইসিপি বিওপি কমান্ডার সুবেদার মোঃ নওশের আলী সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় শাপলা পরিবহনের সুগন্ধা একটি বাসে। চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত সীমান্তের মেইন পিলার ৭৬ হতে আনুমানিক ০৫ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে আকন্দবাড়ীয়া তেলের পাম্পের নিকট।

এ সময় বিজিবি ওৎ পেতে থাকে বসটি চ্যালেঞ্জ করে তল্লাসী করে বাসে থাকা প্লাষ্টিকের ব্যাগ খুলে মালিকবিহীন অবস্থায় ৯হাজার ৪শ পিস ভারতীয় ইয়াবা ট্যাবলেট আটক করতে সক্ষম হয়। তবে এ ঘটনায় বিজিবি কোন চোরাচালানীকে আটক করতে পারেনী।

দর্শনায় ফেনসিডিলসহ শ্যামপুর গ্রামের অনিক বিশ্বাস গ্রেফতার

দর্শনায় ফেনসিডিল সহ অনিক বিশ্বাস (২২) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে থানা পুলিশ। গত শুক্রবার রাত পৌনে ১২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে, এস আই রাম প্রসাদ ও এ এস আই তুহিন হোসেন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা পুরাতন রাজারস্থ রাবেয়া সুপার মার্কেটর গলি জৈনক আশরাফ হার্ডওয়ারর দোকানের সামনে।

এসময় আমদানী নিষিদ্ধ ভারতীয ৪৮ বোতল ফেন্সিডিল সহ অনিক বিশ্বাস
(২২) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করা হয়। সে দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন শ্যামপুর গ্রামের উত্তরপাড়ার নাছির উদ্দিনের ছেলে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় গতকাল শনিবার মামলা নং-২, ধারা-মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ সালের ৩৬ (১) সারণির ১৪ (খ) রুজু করে আসামীকে চুয়াডাঙ্গা আদালতের কোট হাজতে প্রেরন করা হয়েছে।

দর্শনা আন্তজার্তিক গেঁদে চেকপোস্ট দীর্ঘ ৩ বছর পর সব রকম ভিসা চালু

দীর্ঘ তিন বছর বন্ধ থাকার পর অবশেষে চালু হলো দর্শনা আন্তজার্তিক গেঁদে চেকপোষ্ট। গতকাল বৃহস্পতিবার ভারত সরকার স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিদেশী বিভাগ (আই.এমএম বিভাগ) এমডিসি এনএস, ইন্ডিয়া গেট, নিউ দিল্লি থেকে একটি স্বারকলিপি প্রদান করেন।

ল্যান্ড ইমিগ্রেশন চেক পোস্ট আই সি পি গেদে এবং মাহাদিপুর (পশ্চিমবঙ্গ) পুনরায় খোলা সংক্রান্ত বিষয়ে একটি চিঠি হাতে পেয়েছে ইমিগ্রেশন ও রাজশাহী হাই কমিশনার কতৃপক্ষ। এখন থেকে বাই রোড গেঁদে ভিসার অনুমোদন দিচ্ছে রাজশাহী বিভাগের দায়িক্তে থাকা ভারতীয় হাইকমিশনার।

দর্শনা চেকপোষ্টের ইনচার্জ এস আই আবু নাইম শেখ জানান, এতদিন বন্ধ থাকা দর্শনা আন্তর্জাতিক বন্দর দিয়ে সড়ক পথে যাতায়াতে বাংলাদেশী পাসপোর্ট ধারী যাত্রীদের জন্য রাজশাহী হতে টুরিষ্ট, মেডিকেল ও বিজনেস সহ সকল ধরনের ভিসা দেওয়া শুরু করেছে। যার ফলে এ রুট দিয়ে এখন বৈধ ভাবে সকল যাত্রী যাতায়াত করতে পারবে বলে জানতে পেরেছি। তবে পুরোপুরি চালু হওয়ার ফলে কষ্ট লাগব হলো প্রায় ১৫ /২০ জেলা মানুষের। হাজার হাজার যাত্রী আসা যাওয়াতে দু’দেশের বন্ধন আরো সুদৃঢ হবে।

মহামারী করোনা সংক্রমণ দেখা দেয়ায় ২০২০ সালের ২৬ মার্চ দর্শনা আন্তর্জাতিক রেলবন্দরের মাধ্যমে ভারতীয় মালামাল আমদানি এবং স্থলপথে ভারত-বাংলাদেশের মধ্যে ট্যুরিস্টসহ সকল ভিসার পাসপোর্ট যাত্রীদের যাতায়াত পুরোপুরি স্থগিত করে দেয়। সেই থেকে দর্শনা আন্তজার্তিক চেকপোষ্ট বন্ধ হয়ে যায়। এই আন্তজার্তিক চেতপোষ্ট বন্ধ হওয়ার কারনে প্রায় ভোগান্তিতে পড়ে ১৫ /২০ জেলার মানুষ। সব শেষে গত বছরের ২৯ মে ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস দর্শনা

আন্তর্জাতিক রেল স্টেশনের মাধ্যমে চলাচল শুরু করলেও অদ্যবদি দর্শনা-গেদে স্থলপথে বাংলাদেশীদের জন্য ট্যুরিস্ট ভিসা চালু হয়নি। তবে পুরোপুরি চেকপোষ্টটি চালু হলে লাভবান হবে সরকার।

উল্লেখ্য গতকাল বৃহস্পতিবার ভারতীয় মন্ত্রনালয় থেকে একটি চিঠি দিয়েছে। চিঠিতে যা লেখা আছে তা উল্লেখ করা হলো যাত্রী পরিবহনের জন্য ল্যান্ড আইপি গেছে এবং মাহাদীপুর পুনরায় চালু করার বিষয়টি নিশ্চিত করেন। মন্ত্রণালয়ে আরও বিবেচনা করা হয়েছে। সেই অনুযায়ী ল্যান্ড আইপি গেদে এবং মাহাদিপুর পুনরায় চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই শিথিলতা সময়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের দ্বারা জারি করা স্বাস্থ্য/ কোভিট ১৯ প্রোটোকল মেনে চলার দাবি জানান।

পশ্চিমবঙ্গ সরকারকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রলয়ের জারি করা স্বাস্থ্য প্রোটোকলগুলি মেনে চলার জন্য ল্যান্ড আইসিপি ভেরি এবং মাহাদিপুরে পর্যাপ্ত সংখ্যক স্বাস্থ্যকর্মী করার জন্য অনুরোধ করেছে। বিদেশ মন্ত্রলয়ের সমস্ত বিদেশীদের বাধ্যতামূলক বায়োমেট্রিক নথিভুক্তি নিশ্চিত করতে এবং সব ধরণের ভিসা মঞ্জুর করা হয়েছে।